দৈনিক বাংলা

তারিখ ... 14.11.79 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

88

# শিক্ষক ধর্মঘট : পরস্পরবিরোধী দাবী

(স্টাফ রিপোর্টার)

বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকরা মঙ্গলবারও তাদের ৫ দফা দাবীর সমর্থনে ধর্মঘটে অংশ নেয়।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে গতকাল দাবী করা হয়েছে, মঙ্গলবারও সারাদেশে ধর্মঘট সফল হয়েছে। প্রেস বিজ্ঞপ্তিতে আরো বলা হয় ঢাকা মহানগরীতে ২৫টি বেসরকারী কলেজ আছে এবং সবকটিতে গত দুইদিন ধর্মঘট হয়েছে।

ফেডারেশনের নেতৃবৃন্দ গতকল্য এক বিবৃতিতে কোন স্বার্থান্বেষী মহলের অপপ্রচারে বিভ্রান্ত না হয়ে চূড়ান্ত সাফল্য অর্জন না করা পর্যন্ত আগামী ২৬শে নবেম্বর থেকে প্রতিটি স্কুল কলেজ ও মাদ্রাসার ধর্মঘটের প্রস্তুতি গ্রহণের আহ্বান জানান।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

# শিক্ষক ধর্মঘট

(১-এর পৃঃ পর)

বিবৃতিতে স্বাক্ষর করেন, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বায়ক মওলানা মান্নান, কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আ ফ ম খলিলুর রহমান, শিক্ষক সমিতির সভাপতি জনাব আব্দুল মান্নান, শিক্ষক সমিতি ফেডারেশনের যুগ্ম আহ্বায়ক জনাব আব্দুস খালেক ও মাদ্রাসা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মওলানা খন্দকার নাসিরুদ্দীন।

বাংলাদেশ শিক্ষক সমিতির কোষাধ্যক্ষ সভাপতি জনাব কামরুজ্জামান এবং সাধারণ সম্পাদিকা মিসেস হেনা দাস এক যুক্ত বিবৃতিতে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের আহূত প্রতীক ধর্মঘটের প্রতিবাদ করেছেন। দাবী আদায়ে [illegible] শিক্ষকবৃন্দের ঐক্যবদ্ধ আন্দোলনে ফাটল ও অনৈক্য সৃষ্টির উদ্দেশ্যে শিক্ষক সমিতির কর্মসূচী ঘোষিত হওয়ার ফেডারেশন এ প্রতীক ধর্মঘট আহ্বান করেছে বলে বিবৃতিতে তারা অভিযোগ করেন। ফেডারেশনের আহ্বানে অধিকাংশ বিদ্যালয়েই ধর্মঘট পালিত হয়নি বলে তাঁরা দাবী করেন। তাঁরা আরো বলেন যে, এধরনের আংশিক ধর্মঘটে শিক্ষক সমাজের স্বার্থের ক্ষতিকর ছাড়া আর কোন ফল হবে না।

দাবী আদায়ের জন্য শিক্ষক সমাজ বিশেষ করে ফেডারেশনসহ সকল শিক্ষক সংগঠনকে যৌথ কর্মসূচী গ্রহণের মাধ্যমে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তুলতে শিক্ষক সমিতির কর্মকর্তারা আহ্বান জানান।